

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২৩, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ০৪ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন এর বাড়িভাড়ার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি
প্রদান।

নং ১৮/মূসক/২০২১।—যেহেতু বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের
অধীনে নিরবন্ধিত একটি অলাভজনক, সেবাধর্মী প্রতিষ্ঠান এবং আলোচ্য প্রতিষ্ঠানটি থ্যালাসিমিয়া
রোগীদের জন্য স্বল্পমূল্যে চিকিৎসা, ঔষধ সরবরাহ করে থাকে এবং এই কার্যক্রম পরিচালনার জন্য
বিভিন্ন ব্যক্তি বা সংস্থার অনুদানের উপর নির্ভর করে থাকে; এবং

যেহেতু থ্যালাসিমিয়া একটি মারাত্মক বংশগত রক্তের রোগ এবং এ রোগের চিকিৎসা
ব্যায়বহৃল;

সেহেতু জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২
(২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ

(১৪২৪৯)

মূল্য : টাকা ৮.০০

থ্যালাসিমিয়া ফাউন্ডেশনের “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” সেবার বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

এই আদেশ ১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

কাজী ফরিদ উদ্দিন

প্রথম সচিব (মূসক নীতি)।